# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**17-04-2026 Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ট্রাইব্যুনালের সিদ্ধান্তের ভিত্তিতে ভোটার তালিকায় নাম নথিভুক্ত করা নিয়ে সুপ্রিম কোর্টের সাম্প্রতিক নির্দেশে। কোন জটিলতা হবে না বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

2) রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনে ১৪২-টি আসনে নিরাপত্তা ব্যবস্থা ও ভোটের দিনের প্রস্তুতি পর্যালোচনায় নির্বাচন কমিশন আজ আরও এক দফায় বৈঠকে বসছে।

৩) বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে প্রচার। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দুটি জনসভা ও পদযাত্রা করবেন।

# রাজ্যে রোড শো ও জনসভাতে অংশ নেবেন বিজেপি নেতা, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ।

8) মালদার মোথাবাড়িতে SIR –এর কাজে নিযুক্ত বিচারকদের ঘেরাও করে রাখার ঘটনায় মূলচক্রী মোফাক্কেরুল ইসলামকে নিজেদের হেফাজতে নিয়ে জেরার আবেদন জানিয়েছে NIA।

৫) অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে রাজ্যের সর্বত্রই হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ।

OOOOOOOOOOOOOOOOOOO

ট্রাইব্যুনালের সিদ্ধান্তের ভিত্তিতে ভোটার তালিকায় নাম নথিভুক্ত করা নিয়ে সুপ্রিম কোর্টের সাম্প্রতিক নির্দেশে কোনও জটিলতা হবে না বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। গতকাল তিনি বলেন, পুরো প্রক্রিয়াটিই অনলাইনে সম্পন্ন হবে, ফলে ভোটার তালিকায় শেষ মুহূর্ত পর্যন্ত নাম যুক্ত করার সুযোগ থাকবে।

(বাইট – আগরওয়াল)

গতকাল এই প্রসঙ্গে প্রতিক্রিয়া দিতে গিয়ে শ্রী আগরওয়াল বলেন, আদালতের নির্দেশ কার্যকর করতে প্রশাসনের কোনও অসুবিধা হবে না। সমস্ত আবেদন ও প্রক্রিয়া ডিজিটাল মাধ্যমে সম্পন্ন করার ব্যবস্থা রয়েছে।

একই সঙ্গে ভোটাধিকার ফিরে পাওয়া কোন নাগরিক যদি ভোটে দাঁড়াতে চান সে ক্ষেত্রে কি হবে সেই প্রশ্নের জবাবে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, অগ্রাধিকারের ভিত্তিতে তাঁদের আবেদন জমা দেওয়ার সুযোগও দেওয়া হয়েছিল।

oooooooooooooooooo

উল্লেখ্য, রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনের জন্য ২১-শে এপ্রিল এবং দ্বিতীয় দফার  জন্য ২৭ শে এপ্রিলের মধ্যে বাদ পড়া ভোটারদের নাম ট্রাইবুনালের ছাড়পত্র পেলে, তাঁরা ভোট দিতে পারবেন বলে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে ।

প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ জানিয়েছেন, সংবিধানের ১৪২ নম্বর ধারা প্রয়োগ করে তারা এই নির্দেশ দিচ্ছেন।

এর জন্য নির্বাচন কমিশনকেও অতিরিক্ত তালিকা প্রকাশ এবং ভোটদানের যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। তবে, ট্রাইব্যুনালে বাদ পড়া

কেউ বা যাদের  নামের নিষ্পত্তি হবে না, তারা ভোট দিতে পারবেন না বলে শীর্ষ আদালত লিখিত নির্দেশে জানিয়েছে। মামলার পরবর্তী শুনানি ২৪-শে এপ্রিল।

উল্লেখ্য, ভোটের প্রার্থীদের মনোনয়ন জমা করার শেষ দিনে, ভোটার তালিকা ফ্রিজ করে দেয় নির্বাচন কমিশন। সেক্ষেত্রে সুপ্রিম কোর্ট এই বিশেষ ক্ষমতা প্রয়োগ করলো।

আজকের এই রায়ের পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সন্তোষ প্রকাশ করেছেন। কোচবিহারে তিনি সাংবাদিকদের জানিয়েছেন, বিচার ব্যবস্থার জন্য তিনি গর্বিত।

oooooooooooooooooo

রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনে ১৪২-টি আসনে নিরাপত্তা ব্যবস্থা, ভোটের দিনের প্রস্তুতি পর্যালোচনায় নির্বাচন কমিশন আজ আরও এক দফায় বৈঠকে বসছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকের পৌরোহিত্য করবেন নির্বাচন কমিশনের সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মণীশ গর্গ।

এর আগে গতকাল প্রথম দফার ১৫২-টি আসনের নির্বাচনের জন্য বৈঠক হয়। উপস্থিত ছিলেন জেলার নির্বাচনী আধিকারিক এবং সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রগুলির রিটার্নিং অফিসাররা।

oooooooooooooooooo

আগামী ২৩-শে এপ্রিল রাজ্যের প্রথম দফার ভোট গ্রহণের সঙ্গে যুক্ত ভোটকর্মীদের, ভোটদানকে কেন্দ্র করে চূড়ান্ত অব্যবস্থার অভিযোগ উঠেছে। ভোট কর্মী ও BLO ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল অভিযোগ করেছেন, কোথাও ইচ্ছে করে ব্যালট দেরি করে দেওয়া হয়েছে, ঘন্টার পর ঘন্টা লাইনে দাঁড়াতে হয়েছে ভোটারদের। অনেকে ভোট না দিতে পেরে ফিরে গেছেন বলেও তাঁর  অভিযোগ। তাঁরা যাতে পুনরায় ভোট দিতে পারেন সেই দাবি জানিয়ে মঞ্চের

তরফে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে আবেদন করা হয়েছে বলে তিনি জানান।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, বিভিন্ন জায়গায় ভোটকর্মীরা পোস্টাল ব্যালটে ভোট দিতে গিয়ে প্রচন্ড সমস্যার সম্মুখীন হয়েছেন। চূড়ান্ত অব্যবস্থার জন্য অনেকেই ভোট দিতে পারেন নি বলে তাঁর অভিযোগ। তিনি এই অব্যবস্থার জন্য প্রশাসন এবং নির্বাচন কমিশনকে দায়ী করেন।

এদিকে, বীরভূম জেলায় গতকাল যারা ভোট দিতে পারেননি, তারা ২০ থেকে ২২শে এপ্রিল এর মধ্যে মতাধিকার প্রয়োগ করতে পারবেন বলে, জারি হয়েছে নির্দেশিকা ।

OOOOOOOOOOOOOOOOOO

নির্বাচন কমিশন, প্রথম দফার ভোটের আগে ইভিএম ও ভিভিপ্যাটের চূড়ান্ত প্রস্তুতির কাজ শুরু করেছে। গতকাল থেকে রাজ্যের বিভিন্ন কেন্দ্রে এই প্রক্রিয়া শুরু হয়েছে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, ২৩ এপ্রিল যেসব কেন্দ্রে ভোট গ্রহণ, সেই সব জায়গাতেই প্রার্থী বা তাঁদের প্রতিনিধিদের উপস্থিতিতে এই প্রস্তুতি ও পরীক্ষা চালানো হচ্ছে। পাশাপাশি থাকছেন সাধারণ পর্যবেক্ষকরাও।

এই প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ অংগ হিসেবে নির্দিষ্ট সংখ্যক ইভিএমে মক পোল করা হবে। মোট মেশিনের ৫ শতাংশ বেছে নিয়ে তাতে ১০০০ ভোট দিয়ে পরীক্ষা করা হবে। প্রার্থীরা চাইলে নিজেরাই এই মক পোল প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন বলে কমিশন জানিয়েছে ।

উল্লেখ্য, প্রথম দফায় পশ্চিমবঙ্গে মোট ৪৪ হাজার ৩৭৮টি ভোটকেন্দ্রে ভোট নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে প্রচার।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্বাচনী প্রচারে আজ দুটি জনসভা এবং একটি পদযাত্রা করবেন। দলীয় সূত্রের খবর, এদিন দুপুর একটা নাগাদ কোচবিহার উত্তর ও কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের সমর্থনে সভা করবেন তৃণমূল নেত্রী। পরে দুপুর দুটো নাগাদ দুর্গাপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে একটি পদযাত্রায় অংশ নেওয়ার কথা রয়েছে তাঁর। বিকেল চারটে নাগাদ দমদম সেন্ট্রাল জেল মাঠে দলীয় প্রার্থীদের সমর্থনে আরো একটি সভা করার কথা মুখ্যমন্ত্রীর।

গতকাল তৃণমূল কংগ্রেস নেত্রী মাথাভাঙার সভামঞ্চ থেকে SIR নিয়ে নির্বাচন কমিশন ও বিজেপির সমালোচনা করেন। ডিলিমিটেশনের বিল আনারও বিরোধিতা করেন।

( বাইট- মমতা/ডিলিমিটেশন)

তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল বাঁকুড়ার ওন্দা স্টেডিয়াম মোড় থেকে চৌমাথা পর্যন্ত এক রোডশো করেন।

বিজেপি নেতা ও মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ দলীয় কর্মসূচিতে অংশ নিতে আজ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, সকাল দশটায় তিনি সাংবাদিক বৈঠক করবেন। এরপর দুপুরে ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে উপস্থিত থাকবেন। বিকেলে কসবায় দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো এবং সন্ধ্যায় এন্টালিতে জনসভা করবেন।

এর আগে গতকাল বিজেপি নেতা তথা আসামের মুখ্যমন্ত্রী **হিমন্ত বিশ্ব শর্মা** কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের মাঘপালায় এক সভায় বলেন, অসমে গত ১০ বছর বিজেপি সরকার থাকলেও, সেখানে মাছ মাংস খাওয়া বন্ধ হয়নি।

(বাইট – হেমন্ত বিশ্ব শর্মা)

বাঁকুড়ার কোতুলপুর গতকাল এক জনসভায় শমীকবাবু বলেন, বিজেপি ক্ষমতায় এলে, জেলার সমস্ত অবৈধ বালি ও পাথর খাদান বন্ধ করে দেওয়া হবে।

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম গতকাল উত্তর দিনাজপুরের ইসলামপুরে দলীয় প্রার্থীর সমর্থনে সভা করেন। রাজ্যে গণতন্ত্র বিপন্ন বলে অভিযোগ করেন তিনি।

oooooooooooooooooooooooo

রাজ্যে দুর্নীতি, নারী সুরক্ষার অভাব, বেকারত্ব এবং রাজনৈতিক হিংসার জায়গায় বাইনারী পলিটিক্স করা হচ্ছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন। গতকাল দলীয় কার্যালয় বিধানভবনে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মুখে এস আই আর-এর বিরোধিতা করলেও এব্যাপারে তিনি কার্যত কিছুই করেননি। এ আই সি সি-র সাধারণ সম্পাদক গোলাম আহমেদ মীর বলেন, গত ৪০ বছর ধরে রাজ্যে উন্নয়নের গতি থমকে গেছে।

ooooooooooooooooooo

লোকসভায় আজ ‘নারী শক্তি বন্দন অধিনিয়ম’ বা নারী সংরক্ষণ আইন বাস্তবায়নের লক্ষ্যে আনা তিনটি গুরুত্বপূর্ণ বিলের ওপর ফের আলোচনা শুরু হবে। বিলগুলো হলো— ‘সংবিধান (১৩১তম সংশোধন) বিল-২০২৬’, ‘সীমানা পুনর্নির্ধারণ (ডিলিমিটেশন) বিল-২০২৬’ এবং ‘কেন্দ্রশাসিত অঞ্চল আইন (সংশোধন) বিল-২০২৬’।

এই তিনটি প্রস্তাবিত আইনের মূল লক্ষ্য হলো লোকসভা, রাজ্য বিধানসভা এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলোর বিধানসভায় নারীদের রাজনৈতিক অংশগ্রহণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা। উল্লেখ্য, ২০২৩ সালের ১০৬তম সংবিধান সংশোধন আইনের মাধ্যমে আইনসভায় নারীদের জন্য এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণের সংস্থান করা হয়েছিল। বর্তমান বিলগুলো মূলত নির্বাচনী এলাকার সীমানা পুনর্নির্ধারণের প্রক্রিয়া সম্পন্ন করে সেই সংরক্ষণের সুবিধা দ্রুত কার্যকর করার জন্য আনা হয়েছে। আজ বিলগুলি নিয়ে আলোচনা ও পাসের প্রক্রিয়া চলার কথা রয়েছে।

oooooooooooooooooo

মালদার মোথাবাড়িতে সাত বিচারককে ঘেরাও করে রাখার ঘটনায় মূল চক্রী মোফাক্কেরুল ইসলাম কে নিজেদের হেফাজতে নিয়ে জেরার আবেদন জানিয়েছে জাতীয় তদন্তকারী সংস্থা NIA । কলকাতার NIA আদালতে গতকাল সন্দেহভাজন মোট ৪৯ জনকে পেশ করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি । তার মধ্যে ধৃত ১২ জনকে ১৮ এপ্রিল পর্যন্ত পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত। একইসঙ্গে বাকি ৩৭ জনের ৩০শে এপ্রিল পর্যন্ত বিচারবিভাগীয় হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত।

এদিকে, এসংক্রান্ত একটি মামলার মোফাকেরুল জামিন পেলেও এখনি জেল থেকে ছাড়া পাবেন না বলে জানা গেছে।

oooooooooooooooooo

অনুকূল বায়ু প্রবাহ ও বঙ্গোপসাগর থেকে পর্যাপ্ত জলীয় বাষ্প প্রবেশ করায় কলকাতা সহ রাজ্যের সর্বত্র বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা, সঙ্গে থাকবে ঝোড়ো হাওয়াও । মৎস্যজীবিদের আগামী ২৪ ঘণ্টায় সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এর ফলে সর্বোচ্চ তাপমাত্রা, পরবর্তী দুদিনে দুই থেকে তিন ডিগ্রি কমবে । তবে পরবর্তী পাঁচ দিনে তা ধীরে ধীরে তিন থেকে  চার ডিগ্রি সেলসিয়াস বাড়ার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০

ISL ফুটবলে গতকাল যুবভারতীতে ইস্টবেঙ্গল ও ব্যাঙ্গালুরু এফ সির মধ্যে খেলাটি  ৩-৩ গোলে শেষ হয়েছে। প্রথমার্ধে ২-১ গোলে এগিয়ে ছিলো ব্যাঙ্গালুরু। এই ম্যাচ ড্র হওয়ার পর ইস্টবেঙ্গল ৮ ম্যাচে ১৫ পয়েন্ট সংগ্রহ করে তৃতীয় স্থানে রইলো।

০০০০০০০০০০০০০০০০০০০

আই পি এল ক্রিকেটে পাঞ্জাব কিংস্, মুম্বাই ইন্ডিয়ান্সকে ৭ উইকেটে পরাজিত করেছে। ৭ উইকেট এবং ২১ বল হাতে থাকতেই পাঞ্জাব কিংস্ জয়ের জন্য ১৯৬ রানের নির্ধারিত লক্ষ্যমাত্রায় পৌঁছে যায়। মুম্বাই-এর ওয়াংখেড়ে স্টেডিয়ামে পাঞ্জাব কিংস্ টসে জিতে মুম্বাই ইন্ডিয়ান্সকে ব্যাট করতে পাঠায়। নির্ধারিত ২০ ওভারে মুম্বাই ৬ উইকেটে ১৯৫ রান করে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা নাইট রাইডার্স আজ আইপিএল এর ম্যাচে গুজরাট টাইটানস এর বিরুদ্ধে খেলবে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

০০০০০০০০০০০০০০০০০০০